

ছাত্রী উত্ত্যক্তকরণ প্রতিরোধ দিবস ১৩ জুন

নিম্ন প্রতিবেদক •

শিফা মহাপাঠ্য ১৩ জুন দেশের সব জেলা-উপজেলায় বখাটে-সন্ত্রাসী কর্মসূচি ছাত্রীদের উত্ত্যক্তকরণ প্রতিরোধ কর্মসূচি পালন করবে। এ উপলক্ষে রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে কয়েক হাজার ছাত্রছাত্রী, শিক্ষক-অভিভাবক, কর্মকর্তা-কর্মচারী, বিশিষ্ট ব্যক্তি, নারীনেত্রী ও মানবস্বার্থকারী কর্মীদের সমাবেশের আয়োজন করা হবে।

শিক্ষামন্ত্রী মুকুন্দ ইসলাম নাহিদের সভাপতিত্বে গতকাল মঙ্গলবার মহাপাঠ্যের সভাকক্ষে ছাত্রীদের উত্ত্যক্তকরণ প্রতিরোধ কর্মসূচি পালনের প্রস্তুতি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

১৩ জুন সকাল আটটায় ঢাকার মুক্তাসন থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা শুরু হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হবে। সেখানে অনুষ্ঠিত সমাবেশে বখাটে-সন্ত্রাসীদের প্রতিরোধে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে শপথ পাঠ করাবেন শিক্ষামন্ত্রী।

দিবসটি পালনের লক্ষ্যে ইতিমধ্যে সব জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে চিঠি পাঠানো হয়েছে। কেন্দ্রীয় কর্মসূচির যতো দেশের সব জেলা-উপজেলায় শোভাযাত্রা, সমাবেশ, শপথ গ্রহণ কর্মসূচি পালন করা হবে।